কুষ্টিয়ায় ডা: লিজা নার্সিং ইনস্টিটিউটে নবীন বরন ও বিদায় অনুষ্ঠান

কুষ্টিয়ায় ডা: লিজা-ডা: রতন ম্যাটস ও ডা: লিজা নার্সিং ইনস্টিটিউট তরুণ প্রজন্মকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলায় বিশেষ অবদান রেখে চলেছে বলে জানিয়েছেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সদর উদ্দিন খান।

তিনি বলেন, বৈশ্বিক মহামারি কোভিড-১৯ দুর্যোগ ঠেকাতে ও সুস্থ্য মাতৃত্ব এবং নবজাতক শিশু জন্মের জন্য নার্স-মিডওয়াইফদের কোনো বিকল্প নেই। ডা: এএফএম আমিনুল হক রতন ও ডা: আসমা জাহান লিজা পরিচালিত ডা: লিজা-ডা: রতন ম্যাটস ও লিজা নার্সিং ইনস্টিটিউট দক্ষ নার্স ও মিডওয়াইফ তৈরির মাধ্যমে স্বাস্থ্যসেবা খাতে বিশেষ অবদান রেখে চলেছে।

গতকাল সকালে কুষ্টিয়ার ডা: তোফাজ্জুল হেলথ এন্ড ডায়াগনষ্টিক সেন্টারের ৫ম তলায় ডা: লিজা-ডা: রতন ম্যাটস ও লিজা নার্সিং ইনস্টিটিউটের শিক্ষার্থীদের নবীন বরন ও বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, ডা: তোফাজ্জল হোসেন ছিলেন কুষ্টিয়ার ঐতিহ্যবাহী পরিবার। তারই সন্তান ডা: আমিনুল হক রতন। কুষ্টিয়ার একজন মানবিক চিকিৎসক, সুস্থাধারার রাজনীতে রসাথে সম্পৃক্ত। এছাড়াও তিনি সামাজিক ও মানবিক কর্মকান্ডের সাথে নিজেকে মেলে ধরেছেন।

ডা: লিজা-ডা: রতন ম্যাটসের চেয়ারম্যান ডা: আসমা জাহান লিজার সভাপতিত্বে ও ডা: লিজা-ডা: রতন ম্যাটসের অধ্যক্ষ ডা: আমিনুল হক রতনের সার্বিক পরিচালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডা: মো: রফিকুল ইসলাম, ম্যাটস কুষ্টিয়ার অধ্যক্ষ ডা: হেলিশ রঞ্জন সরকার, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি চৌধুরী মুর্শেদ আলম মধু, কুষ্টিয়া সদর থানা আওয়ামীলীগের সভাপতি জিপি এ্যাড. আ স ম আক্তারুজ্জামান মাসুম, বিএমএ জেলা শাখার সহসভাপতি ডা: আইয়ুব আলী, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সদস্য হাবিবুল হক পুলক, আবৃত্তি পরিষদের সভাপতি কবি

আলম আরা জুই, নাসিবের পরিচালক আব্দুস সাত্তার, জাসদের (রব) কুষ্টিয়ার সভাপতি মিজানুর রহমান মির্জা, বিএফএর সাবেক সভাপতি আবদুল লতিফ ও বিদায়ী শিক্ষার্থী আফরিনা খাতুন ও আজমুল হোসেন প্রমুখ।

জাতীয় সঙ্গীতের মাধ্যমে শুরু হয় এ অনুষ্ঠান। এরপর অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়। পাশাপাশি বিদায়ী শিক্ষার্থী এবং নবীন শিক্ষার্থীরা মোমবাতি প্রজ্বলনের মধ্য দিয়ে এবং তাদের মিষ্টিমুখ করিয়ে শুভেচ্ছা জানান অতিথিবৃন্দ। পরে বিদায়ী শিক্ষার্থীদের সম্মাননা স্মারক ক্রেষ্ট প্রদান করা হয়। এবং মনোজ্ঞ সাংষ্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সমাপ্তি হয় এ অনুষ্ঠানের